

কৃষি বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসীদের গুলীতে দুই ছাত্র নিহত ॥ আহত ১০

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল শনিবার কৃষি বিশ্ববিদ্যালয়ে সশস্ত্র সন্ত্রাসীদের গুলীতে দুইজন ছাত্র নিহত এবং ১০ জন আহত হইয়াছে। গতকাল সন্ধ্যা ৬টায় ক্যাম্পাসের কো-অপারেটিভ মার্কেটে ছাত্র-ছাত্রীরা গল্পগুজব করার সময় একদল সশস্ত্র সন্ত্রাসী ছাত্র-ছাত্রীদের লক্ষ্য করিয়া খুব নিকট হইতে এলোপাতাড়ি গুলী করিলে ঘটনাস্থলে ভেটেরিনারী অনুষদের ৩য় বর্ষের ছাত্র মোঃ কামাল হোসেন (২২) বুকে গুলীবিক্ষিত হইয়া নিহত হয়। কৃষি অনুষদের ৩য় বর্ষের ছাত্র রণজিৎ কুমার অপু (২৩) হাসপাতালে নেওয়ার পথে মারা যায়। গুলীবিক্ষিত আশংকাজনক অবস্থায় দোকানদার আব্দুর রাজ্জাক হাসপাতালে ভর্তি আছে। গুলীবিক্ষিত অন্যরা হইতেছে ছাত্রদের সহ-সভাপতি আরিফ জাহাঙ্গীর ও শাহজালাল হলের ছাত্রলীগ সভাপতি রাজন। নিহত কামালের বাড়ী নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানার একাকরপুর গ্রামে। সে

আশরাফুল হক হলের ছাত্র। নিহত রণজিৎ শামছুল হক হলের ছাত্র। এই ঘটনার জন্য ছাত্রলীগ (শা-পা) ছাত্রদলকে দায়ী করিয়াছে। নিহতরা ছাত্রলীগের কর্মী বলিয়া জানা গিয়াছে। গত ৮ দিন যাবৎ ছাত্রলীগ (শা-পা) ও ছাত্রদলের মধ্যে উত্তেজনা বিরাজ করিতেছিল। ছাত্রলীগ শামছুল হক হলে ও আশরাফুল হক হলে অবস্থান নিয়াছিল। ছাত্রদল ক্যাম্পাসের বাহিরে অবস্থান করিতেছিল। ইতিপূর্বে একাধিক মামলার আসামী ৫ জন ছাত্রদল নেতাকে শ্রেফতারের পর ছাত্রদল বাস ভাংচুর ও অগ্নিসংযোগ করে। ক্যাম্পাসে বিডিআর ও পুলিশ মোতায়েন করা হইয়াছে। পুলিশ লাশ উদ্ধার করিয়াছে। এই ঘটনার ব্যাপারে ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে গতকাল রাতে উচ্চ পর্যায়ের বৈঠক চলিতেছিল। এই ঘটনার ৩ ঘণ্টা পর আরও দুই রাউন্ড গুলীর শব্দ পাওয়া যায়। নিহত দুইজনের মধ্যে কামাল হোসেনের লাশ ছাত্ররা আশরাফুল হক হলে নিয়া গিয়াছে।

রণজিতের লাশ হাসপাতালে রহিয়াছে।

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা জানান, কৃষি বিশ্ববিদ্যালয়ে ২ জন ছাত্রলীগ কর্মী নিহত হওয়ার পর ময়মনসিংহ শহরে ছাত্রলীগের এক বিক্ষোভ মিছিল বাহির হয়। ছাত্রলীগের নেতা-কর্মীরা মিছিল শেষে এক বিরাট প্রতিবাদ-সভা করে। পুলিশ সূত্রে জানা গিয়াছে, রাত সাড়ে ৮টার দিকে নতুন বাজারস্থ বিএনপির দলীয় কার্যালয়ে কে বা কাহারা অগ্নিসংযোগ করে। ফায়ার বিস্ফোরণের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে গিয়া আওন নিয়ন্ত্রণে আনে। বিএনপির একটি সূত্র উক্ত ঘটনার জন্য ছাত্রলীগকে দায়ী করিয়াছে। ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের আহ্বায়ক এডভোকেট ওয়াজেদুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক নাজিম উদ্দিন আহমেদ এক বিবৃতিতে কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ কর্মীর হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানান এবং দোষীদের অবিলম্বে শ্রেফতারের দাবী জানান।